গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-৬৩/২০১০/ ৭২০৭ তারিখঃ ২২/০৭/২০১৬ইং।

প্রতি,

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

বিষয়ঃ **ই-জিপি পদ্ধতিতে APP অনুমোদনের জন্য Reviewer হিসেবে ভূমিকা পালন প্রসঙ্গে।**

পল্লী সড়ক ও কালভার্ট মেরামত কর্মসূচীর আওতায় এলজিইডি'র রক্ষণাবেক্ষন ইউনিটের উদ্যোগের ফলে মাঠ পর্যায়ে ই-জিপি বাস্তবায়ন দ্রুতগতিতে এগিয়ে চলছে। এ কার্যক্রমটি সুষ্ঠ ও সফলভাবে সম্পন্ন হলে এলজিইডি প্রাতিষ্ঠানিকভাবে উচ্চতর যোগ্যতায় নিজেকে তুলে ধরতে সক্ষম হবে। পদ্ধতিটি "দক্ষতার সাথে এবং কার্যকরভাবে" বাস্তবায়নে জন্য প্রকিউরমেন্ট ইউনিট, ইলেকট্রনিক ক্রয় প্রক্রিয়ার সকল ধাপের সংগে খুব নীবিড়ভাবে সংশ্লিষ্ট থেকে এলজিইডি'র সকল PE অফিসসমূহকে সহায়তা করে যাচ্ছে। কিন্তু, এ কার্যক্রমটির সুদূরপ্রসারী স্থায়ীত্ব বিবেচনায় (Long Term Sustainability) ই-জিপির সকল প্রক্রিয়ায় সংশ্লিষ্ট অফিসগুলোর নিজেদের সরাসরি সংম্পৃক্ততা খুবই জরুরী। **এরই ধারাবাহিকতায়, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ) কে ই-জিপি পদ্ধতিতে APP অনুমোদনের Reviewer হিসেবে দায়িত্ব পালনের জন্য নির্দেশনা দেয়া হলো।** উল্লেখ্য, রক্ষণাবেক্ষণ ইউনিটকে ইতোমধ্যেই ই-জিপি পদ্ধতিতে PE অফিস হিসেবে অন্তর্ভূক্তকরণ করা হয়েছে। Govt. User হিসেবে আপনার User ID এবং Password ইতোমধ্যে প্রস্তুত করা হয়েছে, যা আপনাকে প্রকিউরমেন্ট ইউনিট অচিরেই সরবরাহ করবে। এক্ষনে, ই-জিপি সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের সুবিধার্থে আপনার ইউনিটের একজন কর্মকর্তাকে ফোকাল পারসন নির্ধারণের জন্য অনুরোধ জানানো হলো। এ বিষয়ে প্রকিউরমেন্ট ইউনিট প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

২২/৭/২০১৬

(মোঃ ওয়াহিদুর রহমান)
প্রধান প্রকৌশলী

অনুলিপিঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, ....................................অঞ্চল, জেলাঃ ...........................।
৩। জনাব ..............................................................., সদস্য, e-GP/PROMIS Cell।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-৬৩/২০১০/ ৯১৯৪ তারিখঃ ২৫/০৯/২০১৩ ইং।

প্রতি,

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলা ঃ ------------------------ ।

বিষয়ঃ **ই-জিপি পদ্ধতিতে "পল্লী সড়ক ও কালভার্ট শীর্ষক কর্মসূচীর" আওতায় APP অনুমোদনে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ) Reviewer হিসেবে ভূমিকা পালন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বর্তমানে ই-জিপিতে APP অনুমোদনের জন্য মাঠ পর্যায় হতে সংশ্লিষ্ট ক্রয়কারী, HOPE বরাবর System এ অগ্রায়ণ (Forward) করেন। ইতোমধ্যে, নির্বাহী প্রকৌশলী ও উপজেলা প্রকৌশলীর অফিসসমূহ ই-জিপিতে অন্তর্ভূক্তকরণ করা হয়েছে। পর্যায়ক্রমে এলজিইডি'র আওতাধীন সকল অফিসসমূহ (সকল প্রকল্প অফিস, তত্ত্বাবধায়ক প্রকৌশলীর অফিস, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর অফিস) ই-জিপি'র আওতায় আনার কার্যক্রম চলমান অবস্থায় আছে। ইলেকট্রনিক ক্রয় পদ্ধতিটি "দক্ষতার সাথে এবং কার্যকরভাবে" বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ের PE অফিসগুলো ও নিয়ন্ত্রকারী এলজিইডি'র ইউনিট/প্রকল্প অফিসগুলোর মধ্যে সরাসরি সম্পৃক্ততা খুবই জরুরী। এরই ধারাবাহিকতায়, প্রাথমিকভাবে কেবলমাত্র রক্ষণাবেক্ষণ ইউনিটের তত্ত্বাবধায়ক প্রকৌশলীকে ই-জিপি পদ্ধতিতে APP অনুমোদনের Reviewer হিসেবে দায়িত্ব পালনের আদেশ ইতোমধ্যেই দেয়া হয়েছে। এমতাবস্থায়, সকল নির্বাহী প্রকৌশলীকে ক্রয়কারী হিসেবে ই-জিপিতে **"পল্লী সড়ক ও কালভার্ট মেরামত শীর্ষক কর্মসূচীর" আওতায় APP অনুমোদনের জন্য আগামী ২৮ সেপ্টম্বর ২০১৩ ইং তারিখের পর হতে Work flow তে Reviewer হিসেবে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ) বরাবর অগ্রায়ণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। উল্লেখিত তারিখের পর হতে ই-জিপিতে প্রেরিত APP গুলো সরাসরি HOPE বরাবর প্রেরণ করা হলে তা কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না।**

২৪/৯/২০১৩
(মোঃ ওয়াহিদুর রহমান)
প্রধান প্রকৌশলী

অনুলিপিঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি,...............................অঞ্চল, জেলাঃ ........................।
৩। জনাব ..........................................................., সদস্য, e-GP/PROMIS Cell।